

**Teachers' Training Certificate Course-3<sup>rd</sup> Cohort (০১ বছর মেয়াদি) এর ভর্তি বিজ্ঞপ্তি-ছন, ২৬**

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের আওতাধীন Pronurse প্রকল্প ও University of Montreal, Canada এর কারিগরি সহায়তায় পরিচালিত এবং GAC এর অর্থায়নে ২০২৬-২৭ সেশনে ০১ বছর মেয়াদি নিম্নবর্ণিত কোর্সে ভর্তির নিমিত্তে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের অধীন সরকারি চাকুরীতে কর্মরত সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/ নার্সিং সুপারভাইজার/ নার্সিং ইন্সট্রাক্টর/ ইন্সট্রাক্টর এর নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আবেদন আহ্বান করা যাচ্ছে:

প্রতিষ্ঠানের নাম	কোর্সের নাম ও মেয়াদ	আসন সংখ্যা
নার্স টিচার্স ট্রেনিং সেন্টার, কলেজ অব নার্সিং, মহাখালী, ঢাকা (প্রাঙ্গন)	Teachers' Training Certificate Course-3 <sup>rd</sup> Cohort (০১ বছর মেয়াদি)	৩০ টি

০২। প্রার্থীর যোগ্যতা ও অন্যান্য শর্তাবলী:

- আবেদনকারীর ইউজিসি (UGC) স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে এমএসসি ইন নার্সিং / এমপিএইচ/ এম এস সি ইন ক্লিনিক্যাল সোশ্যাল ওয়ার্ক/ মাস্টার্স ইন জেরিয়াট্রিক অ্যান্ড জেরোন্টোলজিক্যাল ওয়েলফেয়ার (জিজিডব্লিউ)/ মাস্টার অফ নিউট্রিশনাল সায়েন্স অ্যান্ড ফুড টেকনোলজি ডিগ্রি থাকতে হবে।
- এ বিজ্ঞপ্তি প্রকাশের তারিখে আবেদনকারীর সর্বোচ্চ বয়সসীমা ৪৫ বছর হতে হবে।
- প্রার্থীদের বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল হতে রেজিস্ট্রেশন নবায়ন থাকতে হবে।
- কোর্সে অংশগ্রহণের জন্য প্রার্থীর সরকারি চাকুরীকাল ন্যূনতম ০৫ (পাঁচ) বছর হতে হবে এবং যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- প্রার্থীর শিক্ষকতার অভিজ্ঞতাকে অগ্রাধিকার দেয়া হবে।
- কোর্সে অংশগ্রহণের জন্য প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সক্ষম ও আগ্রহী হতে হবে।
- ইংরেজি ভাষায় দক্ষতা, আন্তঃব্যক্তিক ও আন্তঃপেশাগত যোগাযোগ দক্ষতাকে অগ্রাধিকার দেয়া হবে।
- কম্পিউটার বিষয়ক দক্ষতা থাকা আবশ্যিক।
- প্রার্থীর বিরুদ্ধে কোনো বিভাগীয় মামলা রজু থাকলে তিনি আবেদনের যোগ্য হবেন না।
- কোর্স সম্পন্ন হওয়ার পর প্রার্থীদের যেকোনো সরকারি নার্সিং কলেজ/ ইনস্টিটিউটে আবশ্যিকভাবে কাজ করার মানসিকতা থাকতে হবে।
- প্রত্যেক নির্বাচিত প্রার্থীর ল্যাপটপ থাকা আবশ্যিক।
- কোর্স চলাকালীন সময়ে অন্য কোন কোর্সে অধ্যয়ন করা যাবে না।
- কোর্সে অংশগ্রহণের জন্য প্রার্থী কোন প্রকার ভাতা প্রাপ্য হবেন না।
- মহিলা প্রার্থীদের জন্য আবাসন সুবিধা প্রদান করা হবে এবং পুরুষ প্রার্থীদের নিজস্বভাবে আবাসন ব্যবস্থা করতে হবে।
- যদি কোন প্রার্থী তথ্য গোপন করে আবেদন করেন এবং যদি পরবর্তীতে তা প্রমাণিত হয় তবে তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- অসম্পূর্ণ আবেদন/ আবেদনে মিথ্যা তথ্য প্রদান করা হলে আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
- ভর্তি সংক্রান্ত বিষয়ে শর্তাবলীতে উল্লেখ নেই এমন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৩। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

আবেদন শুরুর তারিখঃ	০১.০৬.২০২৬ খ্রিঃ
আবেদন শেষ তারিখঃ	১০.০৬.২০২৬ খ্রিঃ

[**বিশেষ দৃষ্টব্য:** আগ্রহী প্রার্থীগণকে আগামী ০১.০৬.২০২৬ খ্রিস্টাব্দ তারিখ থেকে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের ওয়েবসাইটে সফলকৃত নির্ধারিত লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে।]

  
২৩/০৫/২৬

বদরুল আলম  
পরিচালক (প্রশাসন)  
এবং  
সদস্য সচিব (ভর্তি কমিটি)

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. পরিচালক, জাতীয় নার্সিং উচ্চ শিক্ষা ও গবেষণা প্রতিষ্ঠান (নিয়ানার) (সংশ্লিষ্টদের মধ্যে ব্যাপক প্রচারের জন্য)।
২. অধ্যক্ষ, নার্সিং কলেজ (সকল) (সংশ্লিষ্টদের মধ্যে ব্যাপক প্রচারের জন্য)।
৩. নার্সিং ইন্সট্রাক্টর ইনচার্জ, নার্সিং ইন্সটিটিউট (সকল) (সংশ্লিষ্টদের মধ্যে ব্যাপক প্রচারের জন্য)।
৪. নার্সিং সুপারিনটেনডেন্ট, (সকল) (সংশ্লিষ্টদের মধ্যে ব্যাপক প্রচারের জন্য)।
৫. জেলা পাবলিক হেলথ নার্স, সিভিল সার্জন অফিস (সকল) (সংশ্লিষ্টদের মধ্যে ব্যাপক প্রচারের জন্য)।
৬. সুপারভাইজার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল) (সংশ্লিষ্টদের মধ্যে ব্যাপক প্রচারের জন্য)।

নং-৪৫.০৩.০০০০.০০৮.১৪.১৬৬-২৫- ৩৬-৯/২(৩৩)

তারিখঃ ২৭/০৫/২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি / প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৫. পরিচালক.....।
৬. সিভিল সার্জন, (সকল)।
৭. তত্ত্বাবধায়ক, জেলা হাসপাতাল (সকল)।
৮. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স (সকল)।
৯. রেজিষ্ট্রার, নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, বিজয়নগর, ঢাকা।
১০. উপপরিচালক (প্রশাসন/ শিক্ষা), নার্স টিচার্স ট্রেনিং সেন্টার, মহাখালী, ঢাকা।
১১. সহকারী-পরিচালক, পিএমআইএস, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১২. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।
১৩. টিম লিডার, ProNurse Project, Cowater International.

  
২৩/০৫/২৬

পরিচালক (প্রশাসন)

এবং

সদস্য সচিব (ভর্তি কমিটি)